# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**23 AUGUST 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) সমগ্র দেশে আজ জাতীয় মহাকাশ দিবস পালন/ মহাকাশ অন্বেষণ মানব জাতির সামর্থ বৃদ্ধি করেছে, কল্পনাকে বাস্তবায়িত করেছে বলে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর মন্তব্য/ আসামেও আজ এই দিবস উদযাপিত/

(২) নগাঁও জেলার ধিং'এ জনৈক ছাত্রীর ধর্ষণের ঘটনার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে সরকার দৃষ্টান্তমূলক ব্যবস্থা গ্রহণ করবে বলে মুখ্যমন্ত্রীর ঘোষণা/

(৩) তিনদিনের বরাক উপত্যকা সফরের দ্বিতীয় দিনে আজ মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার করিমগঞ্জ ও হাইলাকান্দিতে দলীয় কর্মকর্তাদের সম্মেলনে অংশগ্রহণ/

এবং

(৪) আগামী সাধারণতন্ত্র দিবস উপলক্ষে পদ্ম পুরস্কার-২০২৫এর মনোনয়ন দাখিলের মেয়াদ আগামী ১৫ ই সেপ্টেম্বর পর্যন্ত বৃদ্ধি/

---

সমগ্র দেশে আজ প্রথমবারের মতো জাতীয় মহাকাশ দিবস পালন করা হয়েছে ।রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুনদিল্লীতে জাতীয় মহাকাশ দিবসের কার্যসূচীতে অংশগ্রহণ করে ভাষণ প্রসঙ্গে বলেন যে কেবল মহাকাশ গবেষণা ক্ষেত্রেই নয় বরং দেশের আর্থ সামাজিক উন্নয়নে ভারতীয় মহাকাশ অন্বেষণ প্রতিষ্ঠান ইসরোর গুরুত্বপূর্ণ

অবদান রয়েছে ।তিনি বলেন যে মহাকাশ ক্ষেত্রের উন্নয়নের ফলে স্বাস্থ্য ,পরিবহন , পরিবেশ , শক্তি নিরাপত্তা , তথ্য প্রযুক্তি সহ অন্যান্য বহু ক্ষেত্র উপকৃত হয়েছে ।মহাকাশ গবেষণা মানব জাতির সামর্থ্য বৃদ্ধি করা সহ কল্পনাকে বাস্তবায়িত করা এবং বিশ্ব ব্রহ্মাণ্ডের বহু রহস্য উদঘাটন করেছে ।ইসরোর চন্দ্রযান চন্দ্রপৃষ্ঠে অবতরণ করার মূহুর্ত সব ভারতীয়দের জন্য গৌরবের মুহুর্ত বলে শ্রীমতি মুর্মু মন্তব্য করেন ।মহাকাশ দিবস উদযাপন করা এক প্রশংশনীয় পদক্ষেপ বলে উল্লেখ করে নূন্যতম সম্পদের মাধ্যমে সম্পন্ন করা মঙ্গল অভিযান , একইসঙ্গে ১০০ ’র বেশী উপগ্রহ উৎক্ষেপন ইত্যাদি  বহু কৃতিত্ব ভারতের মহাকাশ খন্ডের উন্নয়নকে এক অন্য উচ্চতায় পৌছে দিয়েছে বলে রাষ্ট্রপতি মন্তব্য করেন ।  রাষ্ট্রপতি শ্রীমতি মুর্মু ইসরোর রবোটিক্স প্রতিযোগিতা এবং ভারতীয় মহাকাশ হেকাথন বিজয়ীদের পুরস্কার প্রদান করেন ।

অনুষ্ঠানে অংশগ্রহণ করে কেন্দ্রীয় মহাকাশ প্রতিমন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং বলেন যে নরেন্দ্র মোদী সরকার অতীতের সব প্রাচীর ভেঙ্গে মহাকাশ ক্ষেত্রকে মুক্ত করে দিয়েছে ।অনুষ্ঠানে ইসরোর অধ্যক্ষ এস সোমনাথ বলেন যে এবার সমগ্র দেশে জাতীয় মহাকাশ দিবস পালন করা হচ্ছে এবং সব বিভাগ , মন্ত্রনালয় , শিক্ষা প্রতিষ্ঠান , বিজ্ঞান প্রতিষ্ঠান , বেসরকারী সংস্থা তথা জনসাধারণ এই দিবসের কার্যসূচীতে অংশগ্রহণ করেছেন ।

---------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা সামাজিক মাধ্যমে জনসাধারকে জাতীয় মহাকাশ দিবসের শুভেচ্ছা জ্ঞাপন করেছেন ।এই দিবস উপলক্ষে আজ তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয়ের সেন্ট্রেল ব্যুরো অব কমিউনিকেশনের উদ্যোগে গুয়াহাটী খানাপারার আঞ্চলিক বিজ্ঞান কেন্দ্রের সহযোগিতায় তিনদিন ব্যাপী  মাল্টিমিডিয়া প্রদর্শণীর আয়োজন করা হয় । বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী কেশব মহন্ত এই প্রদর্শণীর উদ্বোধন করেন ।এই প্রদর্শণীতে ইসরোর মহাকাশ অভিযানের কৌশলের দৃশ্য এবং প্রতিকী সমুহ প্রদর্শণ করা হয় ।শিক্ষার্থীদের মহাকাশ সম্পর্কীত জ্ঞান আহরণ করার জন্য এই প্রদর্শণীর আয়োজন করা হয়েছে ।উদ্বোধনী অনুষ্ঠানে তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয়ের উত্তরপূর্ব মান্ডলিক সঞ্চালক প্রধান জেন নামসু , শিলংয়ের উত্তরপূর্ব প্রায়োগিক মহাকাশ কেন্দ্রের সঞ্চালক বিজয় শঙ্কর শর্মা প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা নগাঁও জেলার ধিং’এ জনৈক ছাত্রীকে যৌন নির্যাতনের ঘটনায় জড়িত দোষীদের বিরুদ্ধে সরকার দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা গ্রহণ করবে বলে মন্তব্য করেছেন । সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন যে- ইতিমধ্যে পুলিশ

একজনকে গ্রেপ্তার করেছে । এবং ঘটনার সঙ্গে জড়িত অন্য দুজনের খবরও পাওয়া গেছে । উল্লেখ্য- মুখ্যমন্ত্রী পুলিশকে তাৎক্ষণিকভাবে এই ঘটনায় জড়িত দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছেন । এই ঘটনার তদন্তের জন্যে দেওয়া নির্দেশ অনুসারে রাজ্য পুলিশের সঞ্চালক প্রধান জি পি সিং আজ ধিং গিয়ে উপস্থিত হয়েছেন । শ্রী সিং ঘটনাস্থল পরিদর্শন করে ছাত্রীটির বাড়িতে গিয়ে অভিভাবকদের সঙ্গে কথাবার্তা বলেন । পরে ধিং পুলিশ থানায় সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে শ্রী সিং বলেন যে- এই ঘটনার তদন্ত সঠিক দিশায় অগ্রগতি লাভ করছে। পুলিশ যথেষ্ট তথ্য প্রমাণ ইতিমধ্যে লাভ করেছে এবং খুব কম সময়ের মধ্যে দোষীকে সনাক্ত করা হবে বলে তিনি আশ্বাস দিয়েছেন । উল্লেখ্য- এই ঘটনার পরিপ্রেক্ষিতে ধিং অঞ্চলের বিভিন্ন দল-সংগঠন প্রতিবাদ কার্যসূচী অব্যাহত রেখেছে। মুখ্যমন্ত্রী পুলিশকে তাৎক্ষণিকভাবে এই ঘটনায় দোষীদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ দিয়েছেন । মুখ্যমন্ত্রী ডঃ শর্মা সামাজিক মাধ্যমে দেওয়া এক পোস্টে এই ঘটনাকে মানবতার বিরুদ্ধে অপরাধ বলে অভিহিত করেছেন ।

এদিকে নির্যাতিতা ছাত্রীটির শারিরীক অবস্থা বর্তমানে স্থিতিশীল বলে নগাঁও মেডিকেল কলেজের সুপার জানিয়েছেন । নগাঁও জেলাপ্রশাসন ছাত্রীটির চিকিৎসার ক্ষেত্রে যাতে কোনোধরণের ত্রুটি না থাকে, তার নির্দেশ দিয়েছেন । এছাড়া জেলার পুলিশ বিভাগ সমগ্র বিষয়টি গুরুত্ব সহকারে গ্রহণ করে দোষী ব্যক্তিকে গ্রেপ্তার করার প্রচেষ্টা অব্যাহত রেখেছে । জেলাপ্রশাসন জনসাধারণকে শান্তি-শৃঙ্খলা বজায় রেখে দোষীকে গ্রেপ্তার করে যথোপযুক্ত শাস্তি প্রদান করার ক্ষেত্রে সহযোগিতা করতে সকলের প্রতি আহ্বান জানিয়েছেন । এদিকে ধিঙে সংঘটিত ঘটনার বিরুদ্ধে শিবসাগর জেলার দোলমুখ চারিয়ালিতে বেশকয়েকটি দল-সংগঠন প্রতিবাদ কার্যসূচী পালন করেছে ।

যোরহাটের সাংসদ গৌরব গগৈ ধিঙের ঘটনার পরিপ্রেক্ষিতে সঠিক তদন্তের জন্যে পুলিশ এবং স্থানীয় লোকেদের ঐক্যবদ্ধভাবে সহযোগিতা করার আহ্বান জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

তিনদিনের বরাক উপত্যকা সফরে আসা মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ তার সফরের দ্বিতীয় দিনে করিমগঞ্জ জেলায় গেছেন । সেখানে তিনি করিমগঞ্জের জেলাগ্রন্থাগার প্রেক্ষাগৃহে আয়োজিত কার্যনির্বাহকদের এক সম্মেলনে অংশগ্রহণ করেছেন । মুখ্যমন্ত্রী বিগত লোকসভা নির্বাচনে করিমগঞ্জ লোকসভা আসনে বিজেপির সাফল্যের জন্য দলের সর্বস্তরের কর্মকর্তাদের ধন্যবাদ জানান । আগামী দূর্গা পুজোর আগে করিমগঞ্জের রাস্তাঘাটের সংস্কার করা হবে বলেও মুখ্যমন্ত্রী আশ্বাস দিয়েছেন বলে আমাদের করিমগঞ্জ সংবাদদাতা জানিয়েছেন । ত্রস্তরীয় পঞ্চায়েত নির্বাচনে গ্রাম

পঞ্চায়েতের পদে দলীয় প্রতীক চিহ্ন ছাড়াই প্রার্থীদের নির্বাচনে অবতীর্ণ হতে হবে বলে বিজেপির এই প্রবীণ নেতা জানিয়েছেন । তাঁর এই সফরে মুখ্যমন্ত্রীর সঙ্গে রাজ্যের মন্ত্রী জয়ন্তমল্ল বড়ুয়া, সাংসদ কৃপানাথ মালাহ্, চার বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ, বিজয় মালাকার, কৃষ্ণেন্দু পাল, কৌশিক রাই সহ জেলা বিজেপির কর্মকর্তারা উপস্থিত ছিলেন ।

মুখ্যমন্ত্রী আজ হাইলাকান্দি জেলায়ও দলীয় কর্মকর্তাদের সম্মেলনে অংশগ্রহণ করেন । হাইলাকান্দির রবীন্দ্র ভবন প্রেক্ষাগৃহে আয়োজিত এই কর্মকর্তা সম্মেলনে বিজেপির এই প্রবীণ নেতা আগামী ২০২৬ সালে অনুষ্ঠেয় রাজ্যবিধানসভা নির্বাচনে হাইলাকান্দি জেলার দুটি বিধানসভা আসনই যাতে দখল করা যায়, সেবিষয়ে কাজ করে যেতে দলীয় কর্মীদের প্রতি আহ্বান জানান । পরে তিনি হাইলাকান্দি জেলার উন্নয়নের জন্যে নির্বাচনে দেওয়া প্রতিশ্রুতি অনুসারে একটি মেডিকেল কলেজ স্থাপন, একটি শীততাপ নিয়ন্ত্রিত প্রেক্ষাগৃহ এবং নতুন আবর্ত ভবন নির্মাণের প্রতিশ্রুতি দিয়েছেন বলে আমাদের হাইলাকান্দি সংবাদদাতা জানিয়েছেন । তিনি নগাঁওয়ের ধিং'এ সংঘটিত নাবালিকা ধর্ষণের ঘটনা নিয়ে প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন ।

উল্লেখ্য- তিনদিনের বরাক উপত্যকা সফরে এসে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা গতকাল কাছাড় জেলায় বেশকয়েকটি উন্নয়নমূলক প্রকল্পের শিলান্যাস করেছেন । তাঁর আগামীকালের কার্যসূচীর মধ্যে রয়েছে- সকাল ৮ টা ৪৫ মিনিটে শিলচর মেডিকেল কলেজ পরিদর্শন, সকাল দশটায় কাছাড়ের জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে পর্যালোচনা সভায় অংশগ্রহণ এবং পরে সাংবাদিক সম্মেলন । ডঃ শর্মা আগামীকাল গুয়াহাটি ফিরে যাবেন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার মহারাষ্ট্রের জলগাঁওয়ে ১১ লক্ষ লাখপতি দিদিকে প্রমাণপত্র বিতরণ করবেন ।দেশের ৩৪ টি রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলের ৩০ হাজার স্থানে ভার্চুয়েল ব্যবস্থার মাধ্যমে জনসাধারণ এই অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারবেন ।প্রধানমন্ত্রী ঐদিন বছরে এক লক্ষ বা তার বেশী অর্থ উপার্জন করা লাখপতি দিদিদের সঙ্গে মত বিনিময়ও করবেন ।অনুষ্ঠানে শ্রী মোদী ৫ হাজার কোটি টাকার বেংক ঋণ এবং ২ হাজার ৫০০ কোটি টাকার কম্যুনিটি বিনিয়োগ তহবিলের সূচনা করবেন ।এর দ্বারা ৪ লক্ষ ৩ হাজার আত্মসহায়ক গোষ্ঠির প্রায় ৪৮ লক্ষ সদস্য উপকৃত হবেন ।

---

আগামী সাধারণতন্ত্র দিবস উপলক্ষে পদ্ম পুরস্কার-২০২৫ প্রদানের জন্য মনোনয়ন পত্র দাখিলের প্রক্রিয়া আগামী ১৫ই সেপ্টেম্বর পর্যন্ত খোলা রাখা হয়েছে । আবেদনকারীরা জাতীয় পুরস্কার পোর্টাল Awards.gov.in এ গিয়ে মনোনয়ন দাখিল করতে পারবে । ১৯৫৪ সাল থেকে প্রতি বছর সাধারণতন্ত্র দিবসে ভিন্ন ভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য কাজের জন্য প্রদান করা পদ্ম পুরস্কার দেশের সর্বোচ্চ অসামরিক পুরস্কার সম্মানের মধ্যে অন্যতম । শিলপ, সাহিত্য, ক্রীড়া, শিক্ষা, চিকিৎসা, সমাজসেবা,বিজ্ঞান ও অভিযান্ত্রিক কাজ ইত্যাদি ক্ষেত্রে অসাধারণ কৃতিত্বের জন্যে এই পুরস্কার প্রদান করা হয়ে থাকে ।

---------------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলায় সেপ্টেম্বর মাসে প্রাথমিক বিদ্যালয়ে প্রধানমন্ত্রী পোষন মধ্যাহ্ন ভোজনের চাল বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে প্রাথমিক বিদ্যালয় এবং উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের ক্ষেত্রে সেপ্টেম্বর মাসে ২৪ দিনের জন্য প্রত্যেক শিক্ষার্থীর ক্ষেত্রে মাথাপিছু একশ গ্রাম করে চাল বরাদ্দ করা হয়েছে । উল্লেখ্য চলতি অগাষ্ট মাসেও ২৫ দিনের জন্য মাথাপিছু একশ গ্রাম করে চাল বরাদ্দ করা হয় । অনুরূপভাবে বাল-বাটিআক কর্মসূচীর জন্য অগাষ্ট ও সেপ্টেম্বর মাসে ২৪ দিনের জন্য চাল বরাদ্দ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় অমৃত বৃক্ষ আন্দোলনের দ্বিতীয় পর্য্যায়ে লক্ষ্য মাত্রার একশ শতাংশেরও বেশী চারা গাছ লাগানো হয়েছে । অমৃত বৃক্ষ আন্দোলনের পোর্টোলে ফটো আপলোডের হিসেব অনুযায়ী  জেলায় ৫ লক্ষ ২৩ হাজার ৮শ ৭৩টি গাছ লাগানো হয়েছে । লক্ষ্য মাত্রা ছিল চার লক্ষ ৮৪ হাজার ৯শ ৩৪টি গাছের চারা লাগানো । এই সাফল্য অর্জনের জন্য জেলা প্রশাসন থেকে সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দির অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট জেলার শিরিষপুর ফায়ারিং রেঞ্জের পাঁচশ মিটার ব্যাসার্ধের মধ্যে আগামী ২৫ , ২৬ এবং ২৭শে অগাষ্ট সকাল ৬টা থেকে বিকেল পাঁচটা পর্য্যন্ত জনসাধারন ও গবাদি পশুর চলাচলে নিষেধাজ্ঞা জারী করেছেন । সি আর পি এফ-এর ১০ নম্বর ব্যাটালিয়ানের বার্ষিক গুলি চালানোর মহড়ার জন্য এই নিষেধাজ্ঞা জারী করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------------

ধলাই মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় মথুরাপুর এফ সি ৪-২ গোলের ব্যবধানে ডিমারাজী ওয়ারিয়র দলকে পরাজিত করেছে ।

ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় দর্মিখালের ডিমা ইয়ুথ স্টার মূখোমূখি হবে ব্রাইট স্টার ক্লাবের বিরুদ্ধে ।

---------------------------------------------------------------------------------